দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 29 NOV 2017 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

# শেকৃবিতে ভর্তি পরীক্ষায় অপতৎপরতা রোধে কঠোর ব্যবস্থা

স্টাফ রিপোর্টার ॥ রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে এবার ভর্তি পরীক্ষায় দুষ্কৃতকারী ও স্বার্থন্বেষী গোষ্ঠীর অপতৎপরতা ঠেকাতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে প্রশাসন। পরীক্ষা চলাকালীন কেন্দ্রসমূহে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে। ক্যালকুলেটর, মোবাইল ফোন বা অন্য কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে নিয়ে পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। এমনকি পরীক্ষা চলাকালীন পরিদর্শকবৃন্দের কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

মঙ্গলবার দুপুরে সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের পক্ষে এসব তথ্য জানান উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী। সংবাদ সম্মেলনে অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী বলেন, এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার গুণগত মান বজায় রাখতে এবং মেধা যাচাইয়ের স্বার্থে অত্যন্ত সুষ্ঠুভাবে ভর্তি পরীক্ষা গ্রহণ করতে তারা বদ্ধপরিকর। পরীক্ষা চলাকালীন কেন্দ্রসমূহে ভ্রাম্যমাণ আদালত নিয়োজিত থাকবে। ইতোমধ্যে অনুষ্ঠিত দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় এ বিষয়ে যে সমস্ত সমস্যা ধরা পড়েছে তার আলোকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগেভাগেই তা নিরোধে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় ভর্তি পরীক্ষার্থীদের সব ধরনের ইলেকট্রনিক ডিভাইসের ব্যবহার নিষিদ্ধ করেছে।

সংবাদ সম্মেলনে তিনি জানান, পরীক্ষার্থী কোন কাপড় দিয়ে কোনভাবেই মুখ ঢেকে রাখতে পারবে না। বিশ্ববিদ্যালয়ে সর্বক্ষণিক মোবাইল কোর্ট অবস্থান করবে এবং কোন অনিয়ম হলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবে। কোন ধরনের ভোগান্তি ছাড়াই যাতে পরীক্ষার্থীরা হলে প্রবেশ করতে পারে এবং সুষ্ঠুভাবে পরীক্ষা দিতে পারে, সে জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সব ব্যবস্থা গ্রহণ করেছে। সেকেন্দার আলী বলেন, পরীক্ষা চলাকালে বিশ্ববিদ্যালয়ের আইনশৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও স্বাভাবিক রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রক্টোরিয়াল বডি ব্যাপক প্রস্তুতি নিয়েছে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত জানা যাবে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে-
www.sau.edu.bd